

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

স্মারক নং-দুদক/প্রসিঃ-১৪২/২০১৬(বিবিধ)/

তারিখ:- /০৬/২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন (সংশোধন) আইন, ২০১৬ (সনের ২৫নং আইন) এর ৮ ধারায় দণ্ডবিধির 408, 420, 462A, 462B, 466, 467, 468, 469, 471 এবং 477A ধারা সমূহের অনুসন্ধানাধীন ও তদন্তাধীন কার্যক্রম সম্পর্কে বিশেষ বিধান দেয়া হয়েছে। উক্ত বিশেষ বিধান এর প্রেক্ষিতে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো :

(ক). অনুসন্ধানাধীন কার্যক্রমঃ

আলোচ্য সংশোধন আইনের ৮(১)(ক) ধারার বিধানবলে সরকারী সম্পদ সম্পর্কে সংঘটিত না হয়ে থাকলে অথবা সরকারী কর্মচারী/ব্যংকের কর্মকর্তা-কর্মচারী/আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী কর্তৃক দাপ্তরিক দায়িত্ব পালনকালে সংঘটিত না হয়ে থাকলে দণ্ডবিধির 408, 420, 462A, 462B, 466, 467, 468, 469, 471 এবং 477A ধারার অভিযোগ সমূহের (যার মধ্যে দুদক আইনের তপসিলভুক্ত অন্য কোন অপরাধ যুক্ত নেই) অনুসন্ধানাধীন কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে পরিসমাপ্তি ঘটেছে।

(i) উল্লিখিত প্রকারের অভিযোগ সমূহের সংশ্লিষ্ট অনুসন্ধানকারী কর্মকর্তাগণ আলোচ্য সংশোধন আইনের ৮(১)(ক) ধারার বিধানবলে তার অনুসন্ধান কার্যক্রম (যে অবস্থায় আছে সে অবস্থায়) স্বয়ংক্রিয়ভাবে পরিসমাপ্তি ঘটেছে মর্মে রিপোর্ট (সংশ্লিষ্ট অভিযোগটিসহ) নিয়ন্ত্রনকারী কর্মকর্তার মাধ্যমে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অনুবিভাগে প্রেরণ করবেন।

(ii) প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অনুবিভাগ উক্ত রিপোর্ট প্রাপ্তির পর এবং ইতোমধ্যে সিদ্ধান্তের অপেক্ষাধীন থাকা অভিযোগসমূহ নথিতে উপস্থাপন পূর্বক কমিশনের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট নথির কার্যক্রম পরিসমাপ্ত করবে এবং পরিসমাপ্তির বিষয়টি অভিযুক্তকে ও অভিযোগকারীকে (যদি থাকে) পত্র মারফত অবহিত করবে এবং অভিযোগকারীকে কাগজপত্র (যদি থাকে) অনুসন্ধানকারী কর্মকর্তার কাছ থেকে ফেরত নেয়ার পরামর্শ দেবে এবং অনুসন্ধানকারী কর্মকর্তাকে প্রাপ্ত বা সংগৃহিত কাগজপত্র সরবরাহকারী ব্যক্তি বা অফিস/আদালতে ফেরত দেয়ার নির্দেশ দেবে।

(iii) আদালত হতে প্রাপ্ত অভিযোগের ক্ষেত্রে পরিসমাপ্তির বিষয়টি সংশ্লিষ্ট অনুবিভাগ সংশ্লিষ্ট আদালতকে পত্র মারফত অবহিত করবে ও প্রাপ্ত সকল কাগজপত্র (যদি থাকে) আদালতে ফেরত দিবে।

(iv) প্রধান কার্যালয় হতে পরিচালিত অনুসন্ধানের ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুসন্ধানকারী কর্মকর্তাগণ আলোচ্য সংশোধন আইনের ৮(১)(ক) ধারার বিধানবলে তার অনুসন্ধান কার্যক্রম (যে অবস্থায় আছে সে অবস্থায়) স্বয়ংক্রিয়ভাবে পরিসমাপ্তি ঘটেছে মর্মে রিপোর্ট (সংশ্লিষ্ট অভিযোগটিসহ) প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অনুবিভাগে প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট অনুবিভাগ অনুচ্ছেদ (ক) (ii) ও (iii) এ বর্ণিত নিয়মে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন।

(খ). তদন্ত কার্যক্রমঃ

আলোচ্য সংশোধন আইনের ৮(১)(খ) ধারার বিধানবলে সরকারী সম্পদ সম্পর্কে সংঘটিত না হয়ে থাকলে অথবা সরকারী কর্মচারী/ব্যংকের কর্মকর্তা-কর্মচারী/আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী কর্তৃক দাপ্তরিক দায়িত্ব পালনকালে সংঘটিত না হয়ে থাকলে দণ্ডবিধির 408, 420, 462A, 462B, 466, 467, 468, 469, 471 এবং 477A ধারার তদন্তাধীন মামলা সমূহ (যার মধ্যে দুদক আইনের তপসিলভুক্ত অন্য কোন অপরাধ যুক্ত নাই) এজিয়ার সমপন্ন তদন্ত সংস্থার নিকট অবিলম্বে স্থানান্তরযোগ্য।

(i) উল্লিখিত প্রকারের মামলা সমূহের তদন্তকারী কর্মকর্তাগণ আলোচ্য সংশোধন আইনের ৮(১)(খ) ধারার উল্লেখ্য তদন্তকার্যক্রম যে অবস্থায় আছে সে অবস্থায় বন্ধ করে সূচীপত্র প্রস্তুত পূর্বক আলামত ও জন্মকৃত কাগজপত্রসহ কেস ডকেট স্ব-স্ব সজেকার উপপরিচালককের নিকট জমা দিবেন।

(ii) থানার মামলার ক্ষেত্রে সজেকার উপপরিচালকগণ উল্লিখিত কেস ডকেটসমূহ (জন্মকৃত আলামত ও কাগজপত্রসহ) থানাভিত্তিক তালিকা করে সংশ্লিষ্ট থানায় প্রেরণ করবেন এবং অনুলিপি সংশ্লিষ্ট আমলী ম্যাজিস্ট্রেট আদালত, সংশ্লিষ্ট দুদক বিভাগীয় কার্যালয় ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অনুবিভাগে প্রেরণ করবেন। উক্ত অনুলিপি প্রাপ্তির পর প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অনুবিভাগ সংশ্লিষ্ট নথির কার্যক্রম যথানিয়মে পরিসমাপ্ত করবে।

